

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো  
এফএ এন্ড এমআইএস  
পরিসংখ্যান ভবন,  
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা।

২৭/০৩/২০  
মনিরুজ্জামান

নং- ৫২.০১.০০০০.১০২.৫৩.৪৩৮.০৭-

তারিখ: \_\_\_\_\_ বঙ্গাব্দ  
খ্রিস্টাব্দ

প্রাপক : জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা  
জেলা হিসাবরক্ষণ কার্যালয়  
বাগেরহাট।

বিষয়: অবসরোত্তর ছুটি (পিআরএল) ও ছুটির নগদায়নের মঞ্জুরী আদেশ।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর এফএ এন্ড এমআইএস এর আওতাধীন বাগেরহাট জেলার বাগেরহাট সদর উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জনাব মল্লিক সেকেন্দার আলী এর এসএসসি পাসের সনদ মোতাবেক জন্ম তারিখ ২৫-১২-১৯৫৭খ্রি.। তদানুযায়ী তার বয়স ৫৯ বছর পূর্তির ভিত্তিতে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের স্মারক নং-অম/অবি/প্রবি-১/চাঃবিঃ-৩/২০১০(অংশ-৩) ৬২ তারিখ ০৬ এপ্রিল, ২০১০ সংখ্যক প্রজ্ঞাপন অনুযায়ী গণকর্মচারী অবসর আইন ১৯৭৪ এর ৪ ও ৭ ধারার সংশোধনী এবং নির্ধারিত ছুটি বিধিমালা ১৯৫৯ এর ৩(১)(বি)(।।) ধারা এবং অর্থ মন্ত্রণালয় হতে জারীকৃত ২৮/০৫/২০০৫খ্রি. তারিখের নং-এস.আর.ও ১১৯/আইন/২০০৫/অম/অবি(বাস্ত:-১)/জা:বে:স্কেল-১/২০০৫/৭৩ সংখ্যক প্রজ্ঞাপন এর অনুচ্ছেদ ৬ এর ১৩ উপ-অনুচ্ছেদ মোতাবেক তিনি অবসরোত্তর ছুটি (পিআরএল) প্রাপ্য। উল্লেখ্য, তিনি পূর্ণ গড়বেতনে ১০ (দশ) মাস ২৪ (চব্বিশ) দিন এবং অর্ধ গড়বেতনে ০২ (দুই) বৎসর ০৫ (পাঁচ) মাস ০২ (দুই) দিন অর্জিত ছুটি পাওনা আছেন। উক্ত পাওনা ছুটি হতে নিম্নরূপ অবসরোত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

(ক) ২৪/১২/২০১৬ তারিখে চাকুরি হতে অবসর এবং ২৫/১২/২০১৬ হতে ২৪/১২/২০১৭ তারিখ পর্যন্ত পূর্ণ বেতনে অর্জিত ছুটিসহ মোট ১২ (বারো) মাস অবসর উত্তর ছুটি (পিআরএল) এবং ২৫/১২/২০১৭ খ্রি. তারিখে চাকুরি হতে চূড়ান্ত অবসর গ্রহণ করবেন।

০২। উক্ত অবসরোত্তর ছুটি অর্থাৎ পিআরএল ব্যতীত ১০ (দশ) মাস ২৪ (চব্বিশ) দিন পূর্ণগড় বেতনে অর্জিত ছুটি ০২ (দুই) বছর ০৫ (পাঁচ) মাস ০২ (দুই) দিনের অর্ধগড় বেতনে অর্জিত ছুটি হতে ০১ (এক) বছর ০২ (দুই) মাস ১২ (বারো) দিনের ছুটিকে ০৭ (মাস) মাস ০৬ (ছয়) দিন পূর্ণগড় বেতনের ছুটিতে রূপান্তর করে অর্থাৎ (১০ (দশ) মাস ২৪ (চব্বিশ) দিন + ০১ (এক) বছর ০২ (দুই) মাস ০৬ (ছয়) দিন)=১৮ (আঠারো) মাসের ছুটি হতে জাতীয় বেতনস্কেল ২০১৫ খ্রিস্টাব্দ মোতাবেক অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি অনুবিভাগ, প্রবিধি-১ শাখা কর্তৃক প্রকাশিত প্রজ্ঞাপন নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০০৬.১৫-৮১, তারিখ: ১৪ অক্টোবর ২০১৫ খ্রিস্টাব্দ/২৯ আশ্বিন ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রাপ্য। ইএলপিসি অনুযায়ী তার সর্বশেষ আহরিত মূল বেতন=৩২,৩৯০/- টাকা হিসেবে (৩২,৩৯০ x ১৮)=৫,৮৩,০২০/- (পাঁচ লক্ষ তিরিশি হাজার বিশ) টাকা মাত্র ছুটির নগদায়ন (লাম্পসগ্রান্ট) মঞ্জুর করা হলো।

০৩। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ মঞ্জুরী আদেশ জারি করা হলো।

স্বাঃ

মো. মনিরুজ্জামান  
পরিচালক (যুগ্মসচিব)

ফোন নং : ০২-৮১২৯১৫৮

e-mail: monirdirectorbbbs@yahoo.com

নং- ৫২.০১.০০০০.১০২.৫৩.৪৩৮.০৭- ১৮-৪

তারিখ: ০২ মার্চ, ১৪২৩ বঙ্গাব্দ  
১৫ জানুয়ারি, ২০১৭ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- (১) যুগ্মপরিচালক(অ.দা.), বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, খুলনা।
- (২) উপপরিচালক(ভা.প্রা.), জেলা পরিসংখ্যান কার্যালয়, বাগেরহাট।
- (৩) প্রোগ্রামার, ওয়েব সাইট শাখা, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা।
- (৪) জনাব মল্লিক সেকেন্দার আলী, উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, উপজেলা পরিসংখ্যান কার্যালয়, বাগেরহাট সদর, বাগেরহাট।

১/১